টেলিফোন : ৩৪-১৫৫২

রিপ্রোডাকশন সিন্ডিকেট

ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন

৭-১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

কর্ম্মক্লান্ত শরীরে মানুষ যখন
ঝিমিয়ে পরে তখন প্রয়োজন হয়
একটু উৎসাহের
সেই উৎসাহ জুগিয়ে দেবে

★★
★

চা ভাণ্ডারের চা

হেড অফিস—রঘুনাথগঞ্জ সদরঘাট
ব্রাঞ্চ — রঘুনাথগঞ্জ ফুলতলা

৫৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৬শে কার্ত্তিক বুধবার, ১৩৭৬ ইং 12th Nov. 1969 | ২৬শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা

কেরোসিন কুকার

বিপুলতা আনবে।

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লি

বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

দীর্ঘকালীন দুরারোগ্য ও জটিল
ব্যাধিগ্রস্তেরা হতাশ হইবেন না। বিশেষ
যত্নের সহিত চিকিৎসা করা হয়। সাক্ষাৎ করুন।

ডাঃ তপোময় চৌধুরী, এম-এ
রেজিষ্টার্ড হোমিওপ্যাথ
নীলরতন কলোনী, রঘুনাথগঞ্জ।




স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R G.G. 44.

নেব খাব দেবো নাকো
তুমি আমার মিতা,
না দিলে পর চোখ রাঙাবো
এই ত কুটুম্বিতা!

—দাদাঠাকুর

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৬শে কার্ত্তিক বুধবার সন ১৩৭৬ সাল।

## ॥ রামরাজ্যে কিষ্কিন্ধ্যা পর্ব ॥

—০—

অবশেষে রামরাজ্যেও কিষ্কিন্ধ্যাকাণ্ড! শ্রীরামচন্দ্র নিশ্চয়ই বুঝিয়াছিলেন যে, তাঁহার প্রখর ব্যক্তিত্ব ও দেবত্ব প্রভাবে এই বিপদের সম্মুখীন তিনি কোনদিনই হইবেন না। তাই নির্বিচারে কিষ্কিন্ধ্যাবাসীদের সহিত তিনি সখ্য স্থাপন করেন। বাল্মীকি রামচন্দ্রের পৌরুষ-কঠোর রূপটি যেটুকু দেখাইয়াছিলেন, তাহা তাঁহার নানা সংঘাতে প্রায়ই আড়ালে পড়িয়া গিয়াছিল।

যাহা হউক, আমাদের স্বপ্নে দেখা রামরাজ্য এই ভারতে অধুনা কিষ্কিন্ধ্যা পর্ব চলিতেছে। সরকারী শাসন টলমল, জনগণের চক্ষু ছলছল, এক দলের মধ্যে আজ বহু দল। ভারতীয় কংগ্রেস অতঃপর যে প্রবল ধাক্কা খাইয়াছে, তাহার বেশ এক সুদূরপ্রসারী ফল আনিয়া দিতে বাধ্য। সিণ্ডিকেটপন্থী ও শ্রীমতী ইন্দিরাপন্থী কংগ্রেসীদের লড়াই জোর শুরু হইয়া গিয়াছে। এখন শ্রীমতী ইন্দিরাকে দলীয় নেতৃত্ব হইতে হঠাইয়া তাঁহার প্রধান মন্ত্রীত্ব ঘুচাইয়া দিবার নানা কসরৎ বাহির করা হইতেছে। ১লা/২রা নভেম্বরের পর হইতে প্রতিদিনের ঘটনা সেই পরিণতির দিকে ছুটিয়া যাইতেছে। হায় কংগ্রেস ওয়ার্কিং কমিটির ২৫শে আগষ্টের ঐক্য প্রস্তাব। কংগ্রেস সভাপতি দুই অঙ্গুলির ইঙ্গিত বুঝেন। শ্রীমোরারজী ও শ্রীকামরাজী নয়া প্যাঁচ—ইন্দিরাজী কো হটা দো। কোথা হইতে? শুধু কংগ্রেস দল হইতেই নয়, নানা কমিটি হইতেও। সুতরাং ইহাতে তাঁহার প্রভাব আর থাকিবে না। সাব্বাশ 'ভেইয়োঁ'। কংগ্রেস দল হইতে শ্রীমতী ইন্দিরাকে হঠাইবেন—ইহা বাতুলের প্রলাপোক্তি ছাড়া আর কী হইতে পারে? সংসদীয় বোর্ড এর যাহা চেহারা, তাহাতে শ্রীমতী গান্ধীকে দমান সম্ভব নয়। সংসদীয় সদস্যদের মাধ্যমে অনাস্থা প্রস্তাব? হাঁ, সেটা একটা ভাবিবার কথা বই কি! সংসদের বর্তমান সদস্য সংখ্যা যাহা আছে, তাহাতে সিণ্ডিকেটপন্থী দল নিজের কাছে কংগ্রেসেতর যে সব দলকে পাইবেন, তাহাতেও শ্রীমতী গান্ধী আপন প্রাধান্য হারাইবেন না।

অতএব সংসদের মধ্যে দ্বিধা বিভাগ দেখা দিলে শ্রীমতী গান্ধীর পক্ষে কিছু কিছু বিরোধী দলের সহিত আঁতাত করা বিচিত্র নয়। বহু পূর্ব হইতে কয়েকটি বিরোধী দল শ্রীমতী গান্ধীর বিভিন্ন কার্যাবলীতে সমর্থন জানাইয়া আসিয়াছেন। আর রাজনীতির খেলায় আজ যাহা বলা যায়, কাল তাহার বিপরীত করিতেও পারা যায়। ইহাকেই বলে পলিটিক্সের লাইসেন্স। দ্বিতীয়তঃ প্রধান মন্ত্রীর সঙ্গে রাষ্ট্রপতির সম্পর্ক মধুরতর। সে ক্ষেত্রে সংসদ ভাঙ্গিয়া দিয়া অন্তর্বর্তী নির্বাচন হওয়ার সম্ভাবনা থাকিতে পারে। আর তাহাতে যে শ্রীমতী গান্ধীর আনুকূল্য আসিবে না, তাহা বলা যায় না। সেইজন্যই সংবাদে প্রকাশ, মুখ্য নির্বাচনী কমিশনার মুখ্য নির্বাচনী অফিসারদের সহিত আলোচনা করিতেছেন। প্রশ্ন—অন্তর্বর্তী নির্বাচনের জন্য নানা ব্যবস্থা করবার জন্য প্রস্তুত থাকার। অবশ্য যদি প্রয়োজন হয়। আমরা বলি, প্রয়োজন অবশ্যই হইবে।

শ্রীমতী গান্ধীর বৃহস্পতি এখন তুঙ্গী। কাজেই অস্ত্র ও মন্ত্র-গুরু শ্রীনিজলিঙ্গাপ্পা-সহ মোরারজি-পাতিল-কামরাজ-সাদিকআলি-ঘোষ-রেড্ডি বাঘা বাঘা রথীরা যতই আক্রমণ চালান না কেন, তাহার ফল কিছু হইবে কি? কংগ্রেস সভাপতি ও শ্রীমতী গান্ধীর বৈঠক অনিবার্যভাবে ব্যর্থ হইল। ইহাতে নূতন কিছু নাই। জনগণ একটা শেষ বেশ এইবার দেখিতে চায়। ইহাই আলোচ্য কিষ্কিন্ধ্যাকাণ্ড।

—

## হর্ষবর্দ্ধন

—শ্রীবাতুল

'শ্রীমতী গান্ধীকে সরিয়ে নতুন নেতা নির্বাচনের চেষ্টা?'—সংবাদ।

অপচেষ্টা?

* * *

'পতাউদি—মাঁকড় রেকরড জুটি'
—প্রথম টেসট খেলার খবর।

নয়া মাঁকড়ের জোর আঁকড়।

* * *

অনেকেই মনে করেছেন সারা ভারতে অন্তর্বর্তী নির্বাচন হতে পারে।

বছর বছর হলে কেমন হয়? টাকার আদ্যশ্রাদ্ধ করে রামরাজ্যের আদর্শ ঘোষিত হয়।

* * *

নির্ঝঞ্ঝাটে কাজ ও গঠনে মজবুত 'ডায়না'—বিজ্ঞাপন।

দিনতো ওটাকে প্রধানমন্ত্রী আর কংগ্রেস সভাপতির মাঝে বসিয়ে। শ্রীবাতুল চাঁদা দেবে।

* * *

'মহুয়া কেন মাতাল হয় না।'—গানের কলি।

নিজের বিষে সাপ কেন মরে না?—আমি জানি

* * *

খবরে প্রকাশ, প্রধানমন্ত্রী ৬ই নভেম্বর এলাহাবাদ যাননি। কথা ছিল যাবার।

যাবেন কি করে? রাজধানীতে যে এলাহি কাণ্ড।

—

## হেমন্তে বর্ষণ

গত ২৪শে কার্ত্তিক সোমবার হ'তে ২৬শে কার্ত্তিক বুধবার দুপুর পর্য্যন্ত বর্ষাকালের ন্যায় সর্ব্বদা আকাশ মেঘাচ্ছন্ন হ'য়ে প্রবল বারিপাত হইল। অসময়ে বৃষ্টির জন্য পাকা ধানের ও রবিশস্যের কিছু ক্ষতি হইবে। অতি বৃষ্টির জন্য বহু কালী প্রতিমা বিসর্জন যথাসময়ে হয় নাই। পল্লীগ্রামের রাস্তায় কাদা হওয়ায় চলাচলের ভীষণ অসুবিধা হইয়াছে।

—

## প্রাথমিক শেষ পরীক্ষা—১৯৬৯

আগামী ২৫শে, ২৬শে ও ২৭শে নভেম্বর মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন কেন্দ্রে প্রাথমিক শেষ পরীক্ষা নিম্নের কার্য্যসূচী অনুযায়ী গৃহীত হইবে।

২৫শে নভেম্বর মঙ্গলবার সকাল ১০-৩০ মিনিট হইতে বেলা ১টা পর্য্যন্ত মাতৃভাষা এবং বৈকাল ২টা হইতে ৩-৩০ মিনিট পর্য্যন্ত ইতিহাস।

২৬শে নভেম্বর বুধবার সকাল ১০-৩০ মিনিট হইতে বেলা ১টা পর্য্যন্ত গণিত এবং বৈকাল ২টা হইতে ৩-৩০ মিনিট পর্য্যন্ত ভূগোল ও প্রকৃতি বিজ্ঞান।

২৭শে নভেম্বর বৃহস্পতিবার সকাল ১০-৩০ মিনিট হইতে বেলা ১২টা পর্য্যন্ত ইংরেজী।

## পরলোকগমন

গত ২৩শে কার্ত্তিক রবিবার জঙ্গিপুর বারের অন্যতম ব্যবহারজীবী গাঙ্গাড্ডা নিবাসী স্বর্গীয় ফণিভূষণ মুখোপাধ্যায় মহাশয়ের সহধর্ম্মিণী সরোজিনী দেবী ৮০ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। তিনি আট পুত্র, দুই কন্যা ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। জঙ্গিপুরের অন্যতম মোক্তার সুধীরকুমার মুখোপাধ্যায় তাঁহার মধ্যম পুত্র। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগতা আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

## শিল্পীর মৃত্যু

রঘুনাথগঞ্জ শহর সংলগ্ন আইলেরউপর নিবাসী ঝালাই-শিল্পী সামমহম্মদ সেখের ৮০ বৎসর বয়সে মৃত্যু হইয়াছে। রঘুনাথগঞ্জ তরিতরকারীর বাজারের পূর্ব্ব-দক্ষিণ কোণে তাঁহার কারখানা ছিল। তিনি তিন পুত্র ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিয়া মৃতের আত্মার শান্তি কামনা করিতেছি।

## সাইকেল চালনায় কৃতিত্ব

জিয়াগঞ্জ ষ্টিমার ঘাট ময়দানে ৭৬ ঘণ্টা অবিরাম সাইকেল চালনা করিয়া শ্রীদেবীপ্রসাদ বন্ধু নামে এক যুবক বিশেষ কৃতিত্ব প্রদর্শন করিয়াছেন।

## বি. টি পরীক্ষায় সাফল্য

রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বালিকা বিদ্যালয়ের দুইজন সহকারী শিক্ষিকা শ্রীমতী গীতা ভট্টাচার্য্য, এম-এ ও শ্রীমতী গৌরী কাঞ্জিলাল, এম-এ এ বৎসর বি-টি পরীক্ষায় সফলকাম হইয়াছেন। তাঁহাদের সাফল্যের জন্য আমরা উভয়কে ধন্যবাদ জানাইতেছি।

## সাপে কুকুরে লড়াই উভয়ের মৃত্যু

গত ১৯শে অক্টোবর রবিবার রাত্রে রামপুরহাট ব্যাঙ্ক রোডের বিশিষ্ট নাগরিক শ্রীশঙ্করমোহন সাহা মহাশয়ের খামার-বাড়ীতে তাঁহার য়্যালসেসিয়ান কুকুরের সঙ্গে একটী বিষধর কেউটে সাপের লড়াই বাধে এবং উভয়ের প্রাণ নাশ হয়। সাপের বিষে কুকুরটী মারা যায়। কুকুরটী মৃত্যুর পূর্ব্বে সাপটীকে দ্বিখণ্ডিত করে।

## দুর্দ্ধর্ষ ডাকাত গ্রেপ্তার

সম্প্রতি কান্দীর এস-এল-আর-ও এর বাসাবাড়ী থেকে ভরতপুরের পুলিশ অফিসার তালগ্রামের পলাতক আসামী রুস্তম সেখকে গ্রেপ্তার করিয়াছে। রুস্তম একজন নামজাদা দাগী। মুর্শিদাবাদ, বীরভূম ও বর্দ্ধমান জেলায় কয়েকটি ডাকাতি সম্পর্কে পুলিশ তাহার তল্লাসে ছিল।

## ভাগীরথীর জল বৃদ্ধি

কয়েকদিন বৃষ্টি হওয়ায় ভাগীরথী নদীর জল বৃদ্ধি পাইয়াছে এবং জলের রং ঘোলা হইয়াছে। লোকের হেঁটে নদী পার হওয়া বন্ধ হইয়াছে।

## মোটরচালক নিহত ও মোটর-বাস বন্ধ

জঙ্গিপুর লালগোলা লাইনে 'দেবদূত' মোটর-বাসের চালক মহেশচন্দ্র সাহা কয়েকজন গোয়ালা কর্ত্তৃক নিহত হন। গোয়ালাদের গ্রেপ্তার না করার প্রতিবাদে জঙ্গিপুর মহকুমা সহ মুর্শিদাবাদ জেলার সমস্ত রুটের মোটরবাস চলাচল বন্ধ হইয়াছে।

## কালীপূজা উপলক্ষে আরক্ষাধ্যক্ষের সতর্কতা

পূর্ব্বাপর বৎসরের ন্যায় মুর্শিদাবাদ জেলার মাননীয় আরক্ষাধ্যক্ষ মহাশয় কালীপূজা উপলক্ষে কতকগুলি বিষয়ে সতর্কতা অবলম্বনের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করিয়াছিলেন। জনসাধারণ ও তাঁহার বিভাগীয় কর্ম্মিগণ উহা পালন করিয়াছেন কিনা তদ্বিষয়ে তদন্ত করিবার জন্য তাঁহাকে অনুরোধ করিতেছি।

## শিক্ষা প্রতিষ্ঠানের কাগজপত্র চুরি

কিছুদিন পূর্ব্বে লালগোলা হাই মাদ্রাসার অফিসের তালা ভাঙ্গিয়া মাদ্রাসার ক্যাসবহি, রসিদ প্রভৃতি আবশ্যকীয় কাগজপত্র চুরি গিয়াছে। কর্ত্তৃপক্ষের গলদ চাপা দেওয়ার জন্যই এই অপকর্ম্ম করা হইয়াছে বলিয়া লোকে সন্দেহ করিতেছে।

## কেন্দুয়ায় ডাকাতি

ফরাক্কা থানার অন্তর্গত কেন্দুয়া গ্রামের শ্রীঅজিত-কুমার চৌধুরী মহাশয়ের বাড়ীতে এক ডাকাতি হইয়া গিয়াছে। ডাকাতেরা সংখ্যায় ১৫/১৬ জন ছিল। তারা কুঠার, বন্দুক ও হাতবোমা ব্যবহার করেছিল। গৃহস্বামী, তাঁর বৃদ্ধা মাতা ও স্ত্রী ডাকাতের আঘাতে জখম হন। গ্রামবাসিগণের চেষ্টায় নিশিন্দ্রা গ্রামের একজন ডাকাত ধরা পড়ে এবং তার কথামত আরও তিনজন ধরা পড়েছে। পুলিশ তদন্ত চলিতেছে।

## বাড়ালা গ্রামে বস্ত্র বিতরণ ও দরিদ্র নারায়ণ সেবা

রঘুনাথগঞ্জ শহরের চার মাইল দূরবর্ত্তী বাড়ালা গ্রামে স্বর্গীয়া সুশীলাসুন্দরী দেবী প্রতিষ্ঠিত দুর্গাপূজা মণ্ডপে উক্ত গ্রামের কতিপয় উৎসাহী যুবকের পরিচালনায় ৫০ জন দুঃস্থকে বস্ত্র ও ৫০০ শত দরিদ্র নারায়ণকে ভোজন করান হয়।

জঙ্গিপুরের জনপ্রিয় মহকুমা-শাসক শ্রীঅসিতরঞ্জন দাশগুপ্ত মহাশয় মন্দিরে যান, নরনারায়ণ সেবার জন্য যুবকগণের প্রশংসা করেন।

## খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

## জবাকুসুম
কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস ০ কলিকাতা-১২

KALPANA.J.K-84.B

## ডাবর আমলা কেশ তৈল

কেশ সৌন্দর্য্য বৃদ্ধি করে ও ঘন কৃষ্ণ কেশোদ্গমে সহায়তা করে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

**প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি**

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| | |
|---|---|
| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

## আর পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য **আর. পি. ওয়াচ কোং** র দোকানে পাঠিয়ে দিন। বিনীত- শ্রীশঙ্করপ্রসাদ ভকত

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪·০০ চারি টাকা, শহরে ৩·০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৭৫ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১·২৫ এক টাকা পঁচিশ পয়সা, পূর্ণ পৃষ্ঠা ৬০·০০ ষাট টাকা, অর্দ্ধ পৃষ্ঠা ৩২·০০ বত্রিশ টাকা, সিকি পৃষ্ঠা ১৮·০০ আঠার টাকা। তিন টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)